

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
৪১, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।

E-mail: dgdncbd@gmail.com, Website : www.dnc.gov.bd

মাদকের চাহিদা হ্রাস কার্যক্রমকে তথ্য প্রযুক্তি নির্ভর করে গতিশীল করার লক্ষ্যে গঠিত কমিটির সভার কার্যবিবরণী:

সভাপতি : মু. নুরুজ্জামান শরীফ এনডিসি
পরিচালক (নিরোধ শিক্ষা, গবেষণা ও প্রকাশনা)।
সভার তারিখ : ১৫ সেপ্টেম্বর, ২০২১।
সভার সময় : ১১:০০ ঘটিকা।
স্থান : জুম অনলাইন প্ল্যাটফর্ম।

সভাপতি সভায় অংশগ্রহণকারী সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি বলেন যে, বর্তমানে তথ্য প্রযুক্তি সকল প্রকার উন্নয়ন কর্মকান্ডের মূল হাতিয়ার। বিশ্ব পরিমন্ডলে নিজেদের অবস্থান সুদৃঢ় করতে হলে তথ্য প্রযুক্তির কোন বিকল্প নেই। বর্তমানে বিশ্বে যে কয়টি মারাত্মক সমস্যা বিদ্যমান তন্মধ্যে মাদকাসক্তি অন্যতম। এ সমস্যা থেকে উত্তরণের জন্য সকল দেশই হিমশিম খাচ্ছে। তাই মাদকাসক্তি সমস্যা দূর করতে প্রযুক্তির ব্যবহার এখন জরুরি হয়ে পড়েছে। তিনি মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের চাহিদা হ্রাস কার্যক্রমকে কিভাবে তথ্য প্রযুক্তি নির্ভর করে আরও গতিশীল করা যায় সে বিষয়ে সভায় অংশগ্রহণকারী সকলকে সুচিন্তিত মতামত প্রদানের জন্য অনুরোধ করেন।

০২। সভাপতির অনুরোধের প্রেক্ষিতে কমিটির সদস্যগণ তাদের মতামত ব্যক্ত করেন এবং সকলের মতামতের ভিত্তিতে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

সিদ্ধান্তসমূহঃ

- (১) কমিটিকে সহযোগিতা করার জন্য অধিদপ্তরের সিস্টেম এনালিস্টকে কো-অপট করার সিদ্ধান্ত হয়।
- (২) সারাদেশের শিক্ষা প্রতিষ্ঠানে গঠিত মাদকবিরোধী কমিটিগুলোর জন্য একটি ডাটাবেইজ তৈরি করা হবে।
- (৩) সোসাল মিডিয়া বিশেষ করে অধিদপ্তরের ফেসবুক পেজে সাধারণ মানুষের অংশগ্রহণ বাড়ানো হবে এবং ফেসবুক পেজটি বুস্ট করার ব্যবস্থা করা হবে।
- (৪) অধিদপ্তরের ইউটিউব চ্যানেলটি প্রযুক্তিগতভাবে আরও সক্রিয় ও উন্নত করা হবে।
- (৫) অধিদপ্তরের জেলা ও বিভাগীয় অফিস কর্তৃক পরিচালিত মাদকের চাহিদা হ্রাস সংক্রান্ত কার্যক্রমের তথ্য, ছবি, ভিডিও ইত্যাদি প্রধান কার্যালয়ে প্রেরণের জন্য একটি সফটওয়্যার/ এ্যাপস তৈরি করা হবে।
- (৬) শিশু-কিশোরদের জন্য শিক্ষামূলক ও মাদকবিরোধী কার্টুন, গেমস ও এ্যাপস তৈরি করা হবে।

৩। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মু. নুরুজ্জামান শরীফ এনডিসি)

পরিচালক (নিরোধ শিক্ষা, গবেষণা ও প্রকাশনা)।


৪২

স্মারক নং: ৫৮.০৪.০০০০.০০৭.০৫.০০১.১৪- ১০৪৭

২৯ সেপ্টেম্বর ২০২১
তারিখ:-----
০৬ আশ্বিন ১৪২৮

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, রাজশাহী।
- ২। সিস্টেম এনালিস্ট, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৩। জনাব এ. কে. এম শওকত ইসলাম, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৪। উপপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ঢাকা মেট্রো উপঅঞ্চল (দক্ষিণ), ঢাকা।
- ৫। সহকারী পরিচালক (নিরোধ শিক্ষা), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৬। সহকারী পরিচালক (গবেষণা ও প্রকাশনা), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৭। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, এ কার্যালয়। মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ৮। অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, এ কার্যালয়। অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ৯। পরিচালক (নিরোধ শিক্ষা, গবেষণা ও প্রকাশনা) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, এ কার্যালয়। পরিচালক (নিরোধ শিক্ষা, গবেষণা ও প্রকাশনা) মহোদয়ের সদয় অবগতির জন্য।


২৯/৯/২০২১
(মোঃ রবিউল ইসলাম)
উপপরিচালক (নিরোধ শিক্ষা)